

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০০১.২০১৩-৯০০

তারিখ : ২০ জুলাই ২০১৭

বিষয়: দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলা পরিষদের হাটবাজার ইজারা ও ভূমি হস্তান্তর করার অর্থ আত্মসাতের অভিযোগ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১১.২৭.০৮২.১৬-৩৮১; তারিখ: ৩১ আগস্ট ২০১৬।

সূত্র : বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর স্মারক নং ০৫.৪৭.০০০০.০০৯.০৮.০১০.১৩-১৬৮; তারিখ: ২৫ মে ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্র দুটির পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনার, রংপুর এর তদন্ত প্রতিবেদনের ছায়ািলিপি (সংলগ্নীসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত তদন্ত প্রতিবেদনের মতামত অনুযায়ী সাবেক ভারপ্রাপ্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আবু হান্নান মোঃ সাদেক (সাবেক ভাইস চেয়ারম্যান) হাটবাজার ইজারা বাবদ ৪১% এর অর্থ যথাযথ ব্যবস্থাপনা, উপজেলা এলাকাভুক্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ আয়ের ১% অর্থের ব্যবস্থাপনা ও দায়িত্ব হস্তান্তরকালীন দায়িত্ব গ্রহণকারী চেয়ারম্যানকে হিসাব সংক্রান্ত বিষয়ে অবহিত না করে তার দায়িত্ব পালনে চরম অবহেলার বিষয়ে ফৌজদারী মামলা দায়েরের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে উক্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী চিরিরবন্দর উপজেলা পরিষদের প্রাপ্ত উপজেলা এলাকাভুক্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ আয়ের ১% এর ৭৯,৬৫,৫০০/-টাকা বিধিবিহীনভাবে উত্তোলন ও আত্মসাৎ হওয়ায় উক্ত অর্থ The Public Demands Recovery Act, 1913 অনুযায়ী সংশ্লিষ্টদের নিকট হতে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:পাতা।

J.M.
20/07/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
দিনাজপুর।

অনুলিপি :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃ:আ: উপসচিব, মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা)।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।